

# স্যামসাং টপ লোডার (TOP LOADER) প্রত্যাহার



আপনার কাপড় ধোয়ার কাজ কি স্যামসাং ওয়াশিং মেশিন প্রত্যাহার করার মাধ্যমে বাধাগ্রস্থ হয়েছে?  
এখানে উল্লেখ করা হয়েছে আমরা আপনার মেশিনের  
জন্য যা যা করতে পারি।

স্যামসাং এ, আমরা আপনার নিরাপত্তা এবং মনের প্রশান্তির জন্য নিবেদিত।

কিছু দিন আগে, আমরা অস্ট্রেলিয়ানদের 2010-2013 এর মধ্যে তৈরি করা আমাদের টপ লোডার ওয়াশিং মেশিনের ছয়টি মডেলের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সচেতন করেছিলাম। কিছু কিছু ক্ষেত্রে, মেশিনের ক্রটি থেকে ধোঁয়া বা এমনকি আগুনও ধরতে পারে।

এখন পর্যন্ত, আমরা সারা দেশে 94% এরও বেশি সমস্যা সম্বলিত মেশিনের সমস্যার সমাধান করেছি।

যদি আপনার কোনো সমস্যা সম্বলিত মেশিন থাকে, যা নজরে আনা হয়নি, তবে আমরা আপনাকে বিষয়টি আমাদেরকে জানাতে বলছি। মেশিনটি নিয়ে আপনি যা করতে পারেন;

- একটি সমতুল্য মডেলের সাথে পরিবর্তন, অথবা
- সম্পূর্ণ মূল্য ফেরত পাওয়ার জন্য ফেরত।

এমনকি আপনি যদি ইতিমধ্যে আপনার মেশিনটি মোরামতও করে থাকেন, তবুও আমরা আপনার পছন্দ অনুযায়ী পরিবর্তন বা মূল্য ফেরত দিয়ে দেব। যদি আপনি মনে করেন যে আপনার বা আপনার পরিবার বা বন্ধুদের, একটি সমস্যা সম্বলিত ওয়াশিং মেশিন আছে, তাহলে দয়া করে পরবর্তীতে কী করতে হবে তা জানতে ডান দিকের নির্দেশাবলী অনুসরণ করুন।

## 1. মডেলের নামটি কোথায় পেতে পারি?

মডেলের নামটি মেশিনের পিছনের দিকে পাওয়া যেতে পারে



মডেলের নাম

ক্রমিক সংখ্যা

মডেলের নামটি সামনের দিকেও নিয়ন্ত্রণ প্যানেলের কাছে থাকতে পারে

## 2. কোন কোন মডেলগুলোতে সমস্যা হয়েছে?

SW80SPWIP/XSA SW65V9WIP/XSA  
WA85GWGIP/XSA SW70SPWIP/XSA  
WA85GWWIP/XSA SW75V9WIP/XSA

## 3. আমার একটি সমস্যা সম্বলিত মডেল আছে। আমি এখন কী করতে পারি?

আপনার মেশিনটি পরিবর্তন করতে, অথবা মূল্য ফেরত পেতে আমাদের সাথে যোগাযোগ করুন।



### 1. অনলাইনে দেখুন

আমাদের পণ্য নিরাপত্তা সংক্রান্ত ওয়েবসাইটটি দেখুন:  
[Samsung.com/au/washingmachinerecall/](https://www.samsung.com/au/washingmachinerecall/)



### 2. আমাদেরকে ইমেইল করুন

[wm.samsung@samsung.com](mailto:wm.samsung@samsung.com) তে আমাদেরকে ইমেইল করুন:



### 3. আমাদেরকে কল করুন

আমাদের প্রোডাক্ট সেফটি হটলাইন **1800 239 655** তে যোগাযোগ করুন সকাল 8 টা - রাত 8 টা AEST, 7 দিন